



# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ২৯ পৌষ ১৪২৭  
১৩ জানুয়ারি ২০২১

## প্রশাসনিক পরিপত্র নং- ০১/২০২১

চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখের এস,আর,ও নং ৪১-আইন/২০১৮ অনুযায়ী সকল কর্মচারীর সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রদানের বিষয়ে নিম্নরূপ বিধান রয়েছে:

- ক) সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ০২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা 'শিক্ষা সহায়ক ভাতা' প্রদেয় হবে।
  - খ) স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে সন্তান সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ করতে হবে।
  - গ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (Enrolment Certificate from the Head of Institute) এবং জন্ম নিবন্ধন সনদের কপি (Copy of Birth Certificate) দাখিল সাপেক্ষে এ ভাতা প্রদেয় হবে। জন্ম নিবন্ধন সনদ মোতাবেক এ ভাতা ২৩ (তেইশ) বছর পর্যন্ত বয়সী সন্তান/সন্তানেরা প্রাপ্য হবেন।
- ০২। উপরিউক্ত বর্ণনা মোতাবেক কর্পোরেশনের কর্মচারীগণ জানুয়ারি-ডিসেম্বর, ২০২১ পর্যন্ত সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন।
- ০৩। উপর্যুক্ত বিধানের আওতায় সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্তির জন্য কর্পোরেশনের কর্মচারীগণকে সংযুক্ত নমুনা অনুযায়ী আবেদন ও এতৎসঙ্গে নিম্নলিখিত দলিলাদি সংযুক্তকরণপূর্বক হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- এ দাখিল করার জন্য অনুরোধ করা হলো:
- ক) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (Enrolment Certificate from the Head of Institute);
  - খ) জন্ম নিবন্ধন সনদের কপি (Copy of Birth Certificate)
  - গ) স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে স্বামী/স্ত্রী কর্মরত প্রতিষ্ঠান থেকে সন্তান শিক্ষা সহায়ক ভাতা গ্রহণ করেন না মর্মে আনুষঙ্গিক প্রমাণপত্র।
- ০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(জাহাঙ্গীর হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

### অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।